আমেরিকার তিনজন কংগ্রেসম্যানের সাথে কানাইঘাটের শাহিদ শিব্বিরের সাক্ষাত ও নৈশ্যভোজ

সুলায়মান আল মাহমুদ, যুক্তরাষ্ট্র থেকে: আমেরিকার নর্থ ক্যারোলিনা রাজ্যের বিজয়ী তিন কংগ্রেস ম্যানের উদ্যোগে গতকাল একটি ডিনার অনুষ্টানের আয়োজন করা হয়। নর্থ ক্যারোলিনা রাজ্যে বসবাসরত বাংলাদেশি আমেরিকান যে কয়েকজনকে নিমন্ত্রণ করা হয় তাদের মধ্যে কানাইঘাটের শাহিদ শিব্বির ছিলেন একজন।

ডেমোক্রট দল হতে নির্বাচিত কংগ্রসওয়েমন ডেবরা রোজ (আসন-২), কংগ্রেস ম্যান ওয়ালি নিকেল (আসন-৪) ও কংগ্রেসওয়েমন ফউসে (আসন-৭) উদ্যোগে বিভিন্ন সম্প্রদায়ের মানুষের সাথে মতবিনিময়ের উদ্দেশ্য এ আয়োজন করা হয় নর্থ ক্যারোলিনা রাজধানী রেলি শহরের বিখ্যাত মেঝ রেস্টুরেন্টে।

উক্ত অনুস্টানে কানাইঘাটের আমেরিকা প্রবাসী শাহিদ শিব্বির বাংলাদেশি প্রবাসীদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন।

তিনি তার বক্তব্যে বাংলাদেশীরা কিভাবে আমেরিকার অর্থনীতিতে ভুমিকা রাখছে তা তুলে ধরেন। তরুন বাংলাদেশী আমেরিকানরা আমেরিকার রাজনীতিতে অংশগ্রহন করে কিভাবে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখতে তা তুলে ধরেন।

শাহিদ তার বক্তব্যে অনুরোধ করে আরো উল্লেখ করেন যে, পরিবারিক ইমিগ্রেশন ভিসার বিশাল একটি স্তুপ এম্বেসীতে জমে আছে, অথচ, কাজ হচ্ছে না! এর কারনে হাজারো বাংলাদেশী পরিবার বিচ্ছন্নতার শিকার হচ্ছে। তিনি পরিস্তিতি বিবেচন করে দ্রুত বৈধ অভিবাসী ভিসা প্রদানে অনুরোধ করেন।

সকল কংগ্রেস ম্যানগন তার কথায় এসব বিচ্ছিন্ন পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন। তারা আশ্বাস দেন যে, এবার ওয়াশিংটন ডিসি তে গিয়ে পরিবারিক আভিবাসী ভিসা নিয়ে কাজ করবেন।

উল্লেখ্য, কানাইঘাটের শাহিদ আমেরিকার নিউ জার্সি অঙ্গ রাজ্যের বিখ্যাত রাটর্গাস বিশ্ববিদ্যালয় হতে অনার্স-মাস্টার্স সম্পন্ন

করে বর্তমানে নর্থ ক্যারোলিনা অঙ্গরাজ্যে সরকারী কর্মকর্তা হিসাবে কাজ করেন।